

ডিএফআইএম সার্কুলার নং-১৩

তারিখ : ২৬ অক্টোবর ২০১১
১১ কার্তিক ১৪১৮

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক,
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিচালনা পর্ষদের নিরীক্ষা কমিটি গঠন।

এফআইডি সার্কুলার নং-১০ তারিখ ১৮ সেপ্টেম্বর, ২০০৫ এর নির্দেশনার প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত সার্কুলারের সাথে ইস্যুকৃত Internal Control and Compliance (ICC) Framework গাইডলাইনে নিরীক্ষা কমিটি গঠন সম্পর্কিত নির্দেশনা রয়েছে।

আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিচালক পর্ষদের সাথে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, শেয়ারহোল্ডার, আমানতকারী ও অন্যান্য স্টেক-হোল্ডারদের সেতুবন্ধন হিসেবে কার্য পরিচালনা তথা একটি দক্ষ, শক্তিশালী ও নিরাপদ অর্থায়ন ব্যবস্থা গড়ে তোলার ক্ষেত্রে পর্ষদের নিরীক্ষা কমিটি কার্যকর ভূমিকা পালন করে। আর্থিক প্রতিষ্ঠানসমূহের আর্থিক প্রতিবেদন প্রকাশ প্রক্রিয়া, আর্থিক কার্যক্রম দক্ষতা ও শৃঙ্খলার সহিত পরিচালনার জন্য উপযুক্ত অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা গড়ে তোলা ও এই উদ্দেশ্য সাধনে অভ্যন্তরীণ ও বহিঃনিরীক্ষকগণের সাথে কার্যকর যোগাযোগ রক্ষা করা এবং আর্থিক প্রতিষ্ঠানের ব্যবসায়িক কার্যক্রম সূত্রে উদ্ভূত বিবিধ ঝুঁকি নিয়ন্ত্রণের ব্যাপারে নিরীক্ষা কমিটির ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। তদুপরি, বিশ্বায়ন প্রক্রিয়ায় বাজার সম্ভাবনা ও প্রতিযোগিতা বৃদ্ধি, ইলেকট্রনিক ও তথ্য প্রযুক্তির বহুল ব্যবহার, লেনদেনের জটিলতা বৃদ্ধি, আন্তর্জাতিক হিসাব মান এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক বিবিধ নীতি-পদ্ধতি পরিপালনের জন্যে আবশ্যিকীয় মাত্রা আরোপের ফলে নিরীক্ষা কমিটির কার্যকারিতা বহুগুণে বৃদ্ধি পেয়েছে। এমতাবস্থায়, Best practices এর অংশ হিসাবে বর্ণিত ICC গাইডলাইনের নিরীক্ষা কমিটি সংক্রান্ত নির্দেশনা পরিমার্জনপূর্বক আর্থিক প্রতিষ্ঠানসমূহের অনুসরণের জন্য নিম্নরূপ বিধান জারি করা হলো :-

০২। নিরীক্ষা কমিটির দায়িত্ব ও কর্তব্য :

নিরীক্ষা কমিটির দায়িত্ব ও কর্তব্য হবে নিম্নরূপ :

(ক) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ :

- (১) আর্থিক প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার গুরুত্ব এবং ঝুঁকি ব্যবস্থাপনার বিষয়ে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ একটি উপযুক্ত পরিপালন কৃষ্টি গড়ে তুলতে সক্ষম হয়েছে কিনা এবং কর্মকর্তাগণকে তাদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে স্পষ্ট নির্দেশ দেয়া হয়েছে কিনা এবং তাদের কাজের উপর পূর্ণ নিয়ন্ত্রণ বজায় রয়েছে কিনা তা নিরীক্ষা কমিটি মূল্যায়ন করবে;
- (২) আর্থিক প্রতিষ্ঠানের কম্পিউটারাইজেশন ব্যবস্থা এবং এর ব্যবহারসহ একটি উপযুক্ত ব্যবস্থাপনা তথ্য পদ্ধতি (MIS) গড়ে তোলার ব্যাপারে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত সকল ব্যবস্থা নিরীক্ষা কমিটি পর্যালোচনা করবে;
- (৩) আর্থিক প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ ও বহিঃনিরীক্ষকগণ কর্তৃক অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ কৌশল/কাঠামো গড়ে তোলার ব্যাপারে সময়ে সময়ে প্রণীত সুপারিশমালা ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক পরিপালিত হচ্ছে কিনা তা নিরীক্ষা কমিটি বিবেচনা করবে;
- (৪) কার্যকর নিবারণ ও নিয়ন্ত্রণ ব্যবস্থা নিশ্চিত করার জন্য বিদ্যমান ঝুঁকি ব্যবস্থাপনা পদ্ধতি নিরীক্ষা কমিটি পর্যালোচনা করবে;
- (৫) অভ্যন্তরীণ ও বহিঃনিরীক্ষকগণ ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের পরিদর্শন দল কর্তৃক উদ্ঘাটিত জাল-জালিয়াতি, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ দুর্বলতা অথবা অনুরূপ ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণ ও গৃহীত সংশোধনমূলক ব্যবস্থা নিরীক্ষা কমিটি পর্যালোচনাপূর্বক নিয়মিতভাবে পর্ষদকে অবহিত করবে।

(খ) আর্থিক প্রতিবেদন প্রকাশ :

- (১) বার্ষিক আর্থিক বিবরণীসমূহে পূর্ণাঙ্গ ও যথাযথ তথ্যের প্রকাশ ঘটেছে কিনা এবং আর্থিক বিবরণী প্রস্তুতের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্দেশিত নীতি ও পদ্ধতিসহ অন্যান্য বিদ্যমান নীতিমালা অনুসরণ করা হয়েছে কিনা তা নিরীক্ষা কমিটি যাচাই করে দেখবে;
- (২) আর্থিক বিবরণীসমূহ চূড়ান্ত করার পূর্বে বহিঃনিরীক্ষকগণ এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সঙ্গে নিরীক্ষা কমিটি মতবিনিময় করবে;
- (৩) সাধারণ সভায় হিসাব ও নিরীক্ষা বিষয়ে প্রশ্নের জবাব প্রদানের লক্ষ্যে নিরীক্ষা কমিটির সভাপতি উপস্থিত থাকবেন।

(গ) অভ্যন্তরীণ নিরীক্ষা :

- (১) পর্ষদের নিরীক্ষা কমিটি প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যাবলী ও সাংগঠনিক কাঠামো পর্যালোচনা করবে এবং কোনো অন্যায্য বাধা বা সীমাবদ্ধতা যেন নিরীক্ষা কার্যক্রমে বিঘ্ন সৃষ্টি না করে সে বিষয়ে নিশ্চিত হবে;
- (২) কমিটি প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিরীক্ষার দক্ষতা ও কার্যকারিতা যাচাই করে দেখবে;
- (৩) অভ্যন্তরীণ নিরীক্ষকগণ কর্তৃক উদঘাটিত অনিয়মাদি দূরীভূতকরণের ব্যাপারে এবং প্রতিষ্ঠানের কার্যাবলী পরিচালনায় তাদের পর্যবেক্ষণ/প্রণীত সুপারিশমালা ব্যবস্থাপনা কর্তৃপক্ষ যথাযথভাবে বিবেচনা করছেন কিনা তাও নিরীক্ষা কমিটি যাচাই করবে;
- (৪) হিসাবায়ন নীতিমালা পরিবর্তনের ক্ষেত্রে নিরীক্ষা কমিটি পর্ষদে সুপারিশ পেশ করবে।

(ঘ) বহিঃনিরীক্ষণ :

- (১) আর্থিক প্রতিষ্ঠানের বহিঃনিরীক্ষকগণের সম্পাদিত নিরীক্ষণ কার্যক্রম ও নিরীক্ষা প্রতিবেদন নিরীক্ষা কমিটি পর্যালোচনা করবে;
- (২) বহিঃনিরীক্ষকগণের দ্বারা উদঘাটিত অনিয়মাদি নিয়মিতকরণের ব্যাপারে এবং প্রতিষ্ঠানের কার্যাদি পরিচালনায় তাদের পর্যবেক্ষণ/প্রণীত সুপারিশমালা ব্যবস্থাপনা কর্তৃপক্ষ যথাযথভাবে বিবেচনা করছেন কিনা তা নিরীক্ষা কমিটি যাচাই করবে;
- (৩) আর্থিক প্রতিষ্ঠানের নিরীক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য বহিঃনিরীক্ষক নিয়োগের বিষয়ে কমিটি পর্ষদে সুপারিশ পেশ করবে।

(ঙ) বিদ্যমান আইন ও বিধি-বিধানের পরিপালন :

- নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ (কেন্দ্রীয় ব্যাংক ও অন্যান্য সংস্থা) কর্তৃক প্রণীত বিধি-বিধান এবং আর্থিক প্রতিষ্ঠানের পর্ষদ কর্তৃক অনুমোদিত অভ্যন্তরীণ বিধি-বিধান যথাযথভাবে পরিপালিত হচ্ছে কিনা তা নিরীক্ষা কমিটি পর্যালোচনা করবে।

(চ) বিবিধ :

- (১) অভ্যন্তরীণ নিরীক্ষক, বহিঃনিরীক্ষক ও বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন দল কর্তৃক উদঘাটিত ভুল-ত্রুটি, জাল-জালিয়াতি ও অন্যান্য অনিয়মাদি নিয়মিতকরণের ব্যাপারে কমিটি ত্রৈমাসিক ভিত্তিতে পরিচালনা পর্ষদে পরিপালন প্রতিবেদন পেশ করবে;
- (২) কমিটি পর্ষদ কর্তৃক যাচিত অন্যান্য তত্ত্বাবধান কার্যক্রম করবে এবং নিয়মিতভাবে কমিটির স্বীয় দক্ষতার মূল্যায়ন করবে;
- (৩) অভ্যন্তরীণ নিরীক্ষা উর্ধ্বতন ব্যবস্থাপনাকে রিপোর্ট করার পাশাপাশি নিরীক্ষা কমিটিকে সরাসরি রিপোর্ট করতে পারবে।

০৩। সাংগঠনিক কাঠামো :

- (ক) নিরীক্ষা কমিটি ৫(পাঁচ) জন পরিচালকের সমন্বয়ে গঠিত হবে, তন্মধ্যে ১(এক) জন সভাপতি হবেন;
- (খ) কমিটির সদস্যগণ আর্থিক প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ কর্তৃক মনোনীত হবেন;
- (গ) কমিটির সদস্যগণ প্রতি ৩(তিন) বৎসরের জন্য নির্বাচিত হতে পারেন;
- (ঘ) আর্থিক প্রতিষ্ঠানের কোম্পানী-সচিব নিরীক্ষা কমিটির সচিব হবেন।

চলমান পাতা/২

০৪। কমিটির সদস্য হওয়ার উপযুক্ততা :

- (ক) কমিটির সদস্য মনোনয়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট পরিচালকের সততা, নিষ্ঠা ও কমিটির কাজে তাঁর পর্যাপ্ত সময় ব্যয় করার সুযোগ রয়েছে কিনা তা বিবেচনা করতে হবে;
- (খ) কমিটির কার্যক্রমে ফলপ্রসূ ও কার্যকর অবদান রাখতে পারেন এমন পরিচালকগণকে কমিটির সদস্য হিসেবে মনোনীত করা যেতে পারে;
- (গ) কমিটির সদস্যগণকে সাধারণভাবে অর্থায়ন ব্যবসা, প্রতিষ্ঠানের পরিচালনা এবং বিবিধ ঝুঁকিসহ কমিটির সদস্য হিসেবে দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে।

০৫। কমিটির সভা আহ্বান :

- (ক) কমিটি বছরে কমপক্ষে ৪ টি এবং প্রয়োজনবোধে যে কোন সময় সভা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করতে পারবে;
- (খ) কমিটি প্রয়োজনবোধে প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী, অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রমের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বা অন্য যে কোনো কর্মকর্তাকে কমিটির সভায় উপস্থিত থাকার জন্য আহ্বান করতে পারবে;
- (গ) অভ্যন্তরীণ এবং বহিঃনিরীক্ষকগণকে কমিটি কর্তৃক যাচিত বিষয়ে মূল্যায়ন প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা যেতে পারে;
- (ঘ) কমিটির সদস্যগণ যাতে প্রতি সভায় কার্যকরভাবে অংশগ্রহণ ও অবদান রাখতে পারেন, সে লক্ষ্যে প্রতিটি সভা অনুষ্ঠানের যথেষ্ট সময় পূর্বেই সভায় উপস্থাপিতব্য স্মারক কমিটির সদস্যগণের নিকট সরবরাহ নিশ্চিত করতে হবে;
- (ঙ) কমিটির সকল সুপারিশ/পর্যবেক্ষণ কার্যবিবরণী আকারে লিপিবদ্ধ করতে হবে;
- (চ) কমিটির সভার কার্যবিবরণী সভানুষ্ঠানের পরবর্তী মাসের ০৭ তারিখের মধ্যে বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করবে।

এই নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

এ সার্কুলারটি আপনাদের পরিচালনা পর্ষদের পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

-স্বাঃ/-

(মোঃ সোহরাওয়ার্দী)

মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৩৬২